

শিক্ষা যেন পণ্য না হয় সে জন্য উদ্যোগ নিচ্ছে সরকার

শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

বাণিজ্য ও শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান বলেছেন, বর্তমান সরকার শিক্ষাকে অধিক গুরুত্ব দিচ্ছে। শিক্ষা যেন পণ্যে পরিণত না হয় সে জন্য শিগগির বিশেষ উদ্যোগ নিতে যাচ্ছে সরকার। শিক্ষার মান উন্নয়নের জন্য সরকার বরুপরিষ্কার। গতকাল শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নতুন একাডেমিক ভবন ও পরিবহন পূলে বাস হস্তান্তরকালে তিনি এ কথা বলেন।

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বর্তমান তত্ত্বাবধায়ক সরকারের তিন উপদেষ্টা গতকাল একসঙ্গে আসেন। তারা হলেন বাণিজ্য ও শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান, যোগাযোগ এবং গৃহায়ন ও গণপূর্ত উপদেষ্টা মেজর জেনারেল (অব.) গোলাম কাদের এবং প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপদেষ্টা রাশেদা কে চৌধুরী।

গতকাল সকালে তারা বিমানযোগে ঢাকা থেকে সিলেট আসেন। সিলেট সার্কিট হাউসে কিছু সময় বিশ্রাম নেয়ার পর উপদেষ্টারা হজরত শাহজালালের (র.) মাজার জিয়ারত করেন। পরে দুপুর সাড়ে ১২টায় তারা শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আসেন।

শাহজালাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম আমিনুল ইসলাম, কোষাধ্যক্ষ প্রফেসর শামসুল হুদা, রেজিস্ট্রার জামিল আহমেদ চৌধুরীসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা উপদেষ্টাদের স্বাগত জানান।

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নবনির্মিত একাডেমিক ভবন 'ই'-এর উদ্বোধন করেন শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান। এ সময় যোগাযোগ উপদেষ্টা গোলাম কাদের এবং

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপদেষ্টা রাশেদা কে চৌধুরী উপস্থিত ছিলেন। পরে উপদেষ্টারা নবনির্মিত ভবনের বিভিন্ন কক্ষ পরিদর্শন করেন।

নবনির্মিত ভবন উদ্বোধনের পর যোগাযোগ উপদেষ্টা বিশ্ববিদ্যালয় পরিবহন পূলে আনুষ্ঠানিকভাবে বিআরটিসির আটটি বাস হস্তান্তর করেন। এ সময় অন্য দুই উপদেষ্টা সেখানে উপস্থিত হয়ে শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন এবং

শাহজালাল বিশ্ববিদ্যালয়ে তিন উপদেষ্টা

শাহজালাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সমস্যার কথা শোনেন। উপদেষ্টারা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পরিদর্শন করেন। এ সময় প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপদেষ্টা রাশেদা কে চৌধুরী উপস্থিত সাংবাদিকদের বলেন, বর্তমান সরকার সিলেটের উন্নয়নে বিশেষ নজর দিচ্ছে। সিলেটে উপদেষ্টা পরিষদের বৈঠকে সিলেটের উন্নয়নে যে ১২ দফা প্রস্তাব পাস হয়েছে সে বিষয়ে তিনি বলেন, তিন-চারটি দফা বাস্তবায়নের পথে। সিলেটে স্পেশাল ইকোনমি জোনের জন্য জমি দেখা হচ্ছে। সিলেটবাসী আন্তরিক থাকলে শিগগিরই সিলেটের উন্নয়নে ১২ দফা বাস্তবায়িত হবে বলে তিনি জানান।

মধ্যাহ্নভোজের পর উপদেষ্টারা বিশ্ববিদ্যালয়ের সিভিকিট সদন্যা, ডিন ও উচ্চপদস্থ কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে শাহজালাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সমস্যা ও তার সমাধানের বিষয়ে উপদেষ্টারা আলোচনা করেন। বৈঠক শেষে বাণিজ্য ও শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিল্লুর

রহমান যায়যায়দিনকে বলেন, শাহজালাল বিশ্ববিদ্যালয়ে যে এতো সমস্যা তা আমার জানা ছিল না। আজ শুনে গেলাম। যতো তাড়াতাড়ি সম্ভব এসব সমস্যার সমাধান করা হবে। তিনি আরো বলেন, শিক্ষা যাতে পণ্যে পরিণত না হয় সে জন্য বর্তমান সরকার শিগগিরই উদ্যোগ নিতে যাচ্ছে। শিক্ষার মানের সঙ্গে কোনো আপস করা হবে না বলে তিনি জানান। তিনি বলেন, শিক্ষাকে কেবল ঢাকামুখী না করে সারাদেশে ছড়িয়ে দিতে হবে। শাহজালাল বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের আবাসন সমস্যার বিষয়ে তিনি বলেন, শিগগিরই ছাত্রীদের আবাসিক হল নির্মাণ করা হবে।

উপদেষ্টারা শাহজালাল বিশ্ববিদ্যালয় ছাড়ার সময় উপাচার্যের কার্যালয়ের সামনে উপস্থিত সাংবাদিকরা ড. হোসেন জিল্লুর রহমানকে খালেদা জিয়ার মুক্তির বিষয়ে প্রশ্ন করলে তিনি বলেন, খালেদা জিয়ার বিষয়ে পরে বলবো, আজ শুধু শিক্ষার দিন। আজ শিক্ষা বিষয়েই বলবো। তিনি বলেন, শাহজালাল বিশ্ববিদ্যালয় দেশের প্রথম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। এ বিশ্ববিদ্যালয়ের সাফল্যের সঙ্গে নির্ভর করছে দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সাফল্য। তাই সরকার শাহজালাল বিশ্ববিদ্যালয়কে অনেক গুরুত্বসহকারে দেখছে। তিনি আরো বলেন, শিক্ষা কেবল সার্টিফিকেটের জন্য নয়, শিক্ষা যেন জাতির জন্য ভূমিকা রাখতে পারে সে দিকটাও দেখতে হবে।

শাহজালাল বিশ্ববিদ্যালয় সফর শেষে উপদেষ্টারা সিলেটের এমসি কলেজ পরিদর্শন করেন। সেখানে তারা কলেজের শিক্ষকদের সঙ্গে বৈঠক করেন। পরে তারা হজরত শাহ পরানের (র.) মাজার জিয়ারত শেষে বিকালের চুইটে সিলেট ছাড়েন।